ইত্তেফাক
তারিখ ... পৃষ্ঠা ১ কলাম ৬
AUG 23 2002

# বাংলাদেশী বিজ্ঞানীর যুগান্তকারী উদ্ভাবন

প্রেস বিজ্ঞপ্তি : ট্যারিফ কমিশনের সাবেক উপদেষ্টা, বিশিষ্ট বৈজ্ঞানিক, গবেষক ও কলামিস্ট জনাব নজমুল হুদা আজ (শুক্রবার) সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাব ভিআইপি লাউঞ্জে পারপেচুয়াল মোশিন-এর একটি বৈজ্ঞানিক প্রক্রিয়া উদ্ভাবন সম্পর্কে এক সাংবাদিক সম্মেলন আহবান করেছেন। জানা গেছে, এ সম্পর্কে পেটেন্টের জন্যও ইতোমধ্যে আবেদন করেছেন। এখানে উল্লেখযোগ্য, এর আগে তার আবিষ্কৃত ব্যাটারি-বিদ্যুৎ ছাড়া রেডিও নো-ব্রেক ৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## বাংলাদেশী বিজ্ঞানী

প্রথম পৃষ্ঠার পর

স্ট্যাবিলাইজার, হাই-স্টার্টিং কারেন্ট ইলেকট্রনিক জেনারেটর প্রভৃতি পেটেন্ট অফিস কর্তৃক যথারীতি স্বীকৃতি লাভ করেছে। তার নবতম উদ্ভাবন সম্পর্কে জনাব হুদার দাবী, এর ফলে দূষণমুক্ত অফুরন্ত শক্তি, বাড়ীঘর ও শিল্পে নিজস্ব জেনারেটর, ট্রান্সমিশন লাইন ও সাব-স্টেশন ছাড়াই দূরবর্তী স্থানে বিদ্যুৎ ব্যবস্থা এবং ইনপুট ছাড়াই আউটপুটের সুবিধা পাওয়া যাবে।

## পাকিস্তান

৮-এর পৃষ্ঠার পর

মোশাররফের সাংবিধানিক পরিবর্তনকে ক্রুদ্ধভাবে প্রত্যাখ্যান করেছে। সংবিধান পরিবর্তনের ফলে জেনারেল মোশাররফ আগামী অক্টোবরের নির্বাচনের পর সর্বময় ক্ষমতার অধিকারী হবেন।

গত বুধবার প্রকাশিত নয়া সংবিধান মোতাবেক জেনারেল মোশাররফ নির্বাচিত সংসদকে ভেঙ্গে দিতে পারবেন, সামরিক বাহিনীর প্রধানদের নিযুক্ত এবং বেসামরিক-সামরিক জাতীয় নিরাপত্তা পরিষদে সভাপতিত্ব করবেন। আগামী ১০ অক্টোবরের নির্বাচনের পর গঠিত সরকারকে তদারক করতে তিনি এসব ব্যবস্থা গ্রহণ করবেন।

সুপ্রীম কোর্টের বার সমিতির সভাপতি হামিদ খান বলেছেন, এ ধরনের পরিবর্তনের ফলে নতুন করে সংবিধানিক সংকট সৃষ্টি হতে পারে।

এ ধরনের পরিবর্তনের ফলে নির্বাচিত প্রতিনিধিদের চেয়ে প্রেসিডেন্ট ও সশস্ত্র বাহিনী অধিক ক্ষমতাশালী হবে।

পিপিপির একজন মুখপাত্র জাতীয় নিরাপত্তা পরিষদকে সামরিক শাসনে বেসামরিক-সামরিক সমীকরণের পরিকল্পনা বলে অভিহিত করেছেন।